# ঢাকার ধোলাইপাড়ে একটি যাত্রীবাহী বাসে হঠাৎ আগুন



সংগৃহীত ছবি

রাজধানীর ধোলাইপাড়ে বুধবার সন্ধ্যায় এক যাত্রীবাহী বাস অগ্নিকাণ্ডের শিকার হয়েছে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার রোজিনা আক্তার জানান, "সন্ধ্যা ৬টা ১৮ মিনিটে আমাদের কাছে বাসে আগুন লাগার খবর আসে। সঙ্গে সঙ্গে ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। কীভাবে আগুন লেগেছে তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। হতাহতের খবরও এখনও নেই।"

এদিকে, রাজধানীর বিভিন্ন এলাকায় গত কয়েকদিন ধরে ককটেল বিস্ফোরণ এবং যাত্রীবাহী বাসে আগুন দেওয়ার ঘটনা লক্ষ্য করা গেছে। নিরাপত্তা বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে এবং এ ধরনের ঘটনা রোধে তৎপর।

LENS ASIA